বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা,নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Block-F, Level-5, Pani Bhaban,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৫৭ তারিখঃ ১১/০৮/২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

"বরগুনা জেলার তালতলী উপজেলায় "সোনা দ্বীপ" এবং এর পার্শ্ববর্তী এলাকার প্রাকৃতিক সৌন্দর্যকে কেন্দ্র করে পর্যটন শিল্পের বিকাশ" শীর্ষক প্রকল্প গ্রহণের নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শন পূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা/কারিগরি প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন/কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-২, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব সালমা বেগম, উপ-প্রধান (সমাজ বিজ্ঞান), প্রধান পানি ব্যবস্থাপনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোঃ শাহিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, পিএমইউ-ইএসপিপি, বাপাউবো, ওয়াপদা ভবন, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম, সহকারী প্রধান (পরিবেশ ও বন), হাওড় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী, বরগুনা পওর বিভাগ, বাপাউবো, বরগুনা। | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, বন অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে আলোচনাপূর্বক মতামত গ্রহণ করে বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত প্রকল্পের আওতায় বরগুনা জেলার তালতলী উপজেলায় "সোনা দ্বীপ" এবং পার্শ্ববর্তী এলাকার প্রাকৃতিক সৌন্দর্যকে কেন্দ্র করে পর্যটন শিল্পের বিকাশের জন্য প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন;

গ) পায়রা নদীর ভাঙ্গন ঠেকাতে, নদীর তীরের মরফোলজিক্যাল পরিবর্তন বিবেচনা করে Embankment cum Recreation Sport স্থাপন করা এবং "সোনা দ্বীপ" এবং এর পার্শ্ববর্তী এলাকার প্রাকৃতিক সৌন্দর্যকে কেন্দ্র করে পর্যটন শিল্পের বিকাশের জন্য মোটেল স্থাপন করার বিষয়ে প্রয়োজনীয় সুপারিশমালা প্রতিবেদনে উল্লেখ করবেন;

ঘ) ইকোট্যুরিজম কে উৎসাহিত করার জন্য পার্শ্ববর্তী ইউনিয়নে অবস্থিত ফাতরার বন ম্যানগ্রোভ ফরেস্টে ওয়াচ টাওয়ার স্থাপন, ওয়াকওয়ে নির্মাণ ও খাল খনন করা এবং এক 'ওয়াচ টাওয়ার' থেকে 'অন্য ওয়াচ টাওয়ার' এ যাওয়ার জন্য ক্যাবলকার স্থাপন করার লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা পেশ করবেন;

ঙ) বিদ্যমান জীববৈচিত্রকে অক্ষুন্ন রেখে একই খাদ্য চক্রের আরো বন্য প্রাণী অবমুক্ত করার সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

চ) টেংরাগিরি ইকোপার্কে অবস্থিত কুমির প্রজনন কেন্দ্রটি আধুনিকায়নের জন্য বন বিভাগের অধীনে প্রকল্প গ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় সুপারিশ পেশ করবেন;

ছ) সোনা দ্বীপ ভাঙ্গনপ্রবণ পশ্চিমাংশে বন বিভাগের ব্যবস্থাপনায় পুনরায় ঝাউবন সৃষ্টির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন;

জ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ঝ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য প্রকল্প ব্যয় ও কি পরিমান সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

ঞ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ট) কমিটি WARPO Guidelines অনুসরণ করবেন।

২। কমিটি প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/5479.pdf) এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী ও প্রধান প্রকৌশলী, নকশা দপ্তরের স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০ তারিখঃ ২৮/০২/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/9730.pdf) এবং প্রধান প্রকৌশলী, মনিটরিং দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৩ তারিখঃ ১৪/০৬/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/10281.pdf) অনুসরণপূর্বক সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের Soft Copy অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের ই-মেইল adgpl.bwdb@gmail.com ঠিকানায় প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১১/০৮/২০২২

(মোঃ আঃ মজিদ)
পরিচালক (চলতি দায়িত্ব) এবং
উপ-সচিব (পরিকল্পনা)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।

E:\ADG (Planning)\Forwarding, Notesheet & Office Order_2022\Office Order_2022_Committee.docx

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
২। জনাব সালমা বেগম, উপ-প্রধান (সমাজ বিজ্ঞান), প্রধান পানি ব্যবস্থাপনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোঃ শাহিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, পিএমইউ-ইএসপিপি, বাপাউবো, ওয়াপদা ভবন, ঢাকা।
৪। জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম, সহকারী প্রধান (পরিবেশ ও বন), হাওড় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, বরগুনা পওর বিভাগ, বাপাউবো, বরগুনা।
৭। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৮। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১-২। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা/ নকশা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
৪। প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পটুয়াখালী।
৬। যুগ্ম-প্রধান, যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১০। অফিস কপি।